# অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ প্রবিধি অনুবিভাগ

প্রবিধি অনুবিভাগের সম্পাদিত কার্যাবলীর মধ্যে রয়েছে সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারিদের বিভিন্ন ভাতা নির্ধারণ/পুনর্বিবেচনা করা। ২০২০-২১ অর্থবছরে এ অনুবিভাগের বিভিন্ন শাখায় সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

**আইন, বিধি ও নীতি প্রণয়ন**

- ০৬ (ছয়) মাসের কম বয়সী শিশু সন্তানসহ চাকরিতে নবযোগদানকারী মহিলা কর্মচারীগণের মাতৃত্বকালীন ছুটির (বাচ্চার বয়স ০৬ (ছয়) মাস না হওয়া পর্যন্ত) বিধান করা সংক্রান্ত রুলস সংশোধন;
- সরকারি কর্মচারীগণ পিআরএল-এ গমনের পর কতদিন পর্যন্ত সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) মুনাফার প্রাপ্যতা এবং তহবিলে অর্থ জমাকরণের বিষয়টি স্পষ্টীকরণ;
- সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর মুনাফার হার ২০২০-২১ অর্থবছরের জন্য ১৩% এ নির্ধারণ করা হয়েছে;

**সম্মানী ভাতা প্রদান:**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রকাশিত ও প্রকাশিতব্য প্রকাশনার প্রধান সম্পাদক/সম্পাদনা/সম্পাদনা পর্ষদের সদস্য/সম্পাদনা সহযোগী/সম্পাদনা সহকারীর এবং বিভিন্ন প্রকাশনায় স্থান পাওয়া গল্প/কবিতা/গান/স্মৃতিকথা/গবেষণা ইত্যাদির লেখকদের এবং বিভিন্ন দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভার অতিথি, আলোচক, আবৃত্তিকার ও সঞ্চালকবৃন্দের সম্মানী এবং মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে গবেষণাধর্মী প্রকাশনা 'Towards A Sustainable Energy Future' এর প্রবন্ধসমূহের লেখক সম্মানী প্রদানে সম্মতি জ্ঞাপন;
- মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় সংসদে প্রদত্ত ভাষণের ইংরেজী ভার্সন প্রণয়নের জন্য সম্মানী প্রদানে সম্মতি জ্ঞাপন;
- মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর-এর কর্মচারীদের অনুকূলে আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানী প্রদানে সম্মতি জ্ঞাপন;
- ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধ চলাকালে স্মৃতিবহুল 'অপারেশন জ্যাকপট' নামক চলচ্চিত্র নির্মাণে গঠিত কমিটির সদস্যদের সম্মানী প্রদানে সম্মতি জ্ঞাপন;
- জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০২১ এর বিষয়ে শুদ্ধাচার পুরস্কার ৩ ক্যাটাগরির পরিবর্তে ৪ ক্যাটাগরিতে এবং ১ মাসের মূল বেতনের সাথে একটি ক্রেস্ট প্রদানের বিষয়ে সম্মতি জ্ঞাপন;
- মাননীয় প্রধানমন্ত্রীর সংসদের প্রশ্নোত্তর প্রণয়নের সাথে সম্পৃক্ত কাউন্সিল অফিসার ও সহায়ক কর্মচারীগণের অনুকূলে মূলবেতনের সমপরিমাণ সম্মানী প্রদান;
- ইউপি গ্রামপুলিশগণকে (দফাদার ও মহল্লাদার) "বাংলা নববর্ষ" ভাতা প্রদান;
- মুজিব শতবর্ষ উপলক্ষ্যে শতভাগ বেসামরিক সম্মানিত পেনশনারদের ইএফটি এর আওতায় আনয়ন উপলক্ষ্যে ইএফটি কার্যক্রমের সাথে জড়িত কর্মচারীদের বিশেষ প্রণোদনা প্রদান;
- বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যের সন্তানদের শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্তির সর্বোচ্চ বয়সসীমা ২৩ (তেইশ) বছর নির্ধারণ।

**সম্মানী ভাতার হার নির্ধারণ ও পুন:নির্ধারণ:**

- শহীদ বুদ্ধিজীবীদের তালিকা প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির সদস্যের সম্মানী হার নির্ধারণ;
- বাংলাদেশ পুলিশ প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের অতিথি বক্তাগণের সম্মানী এবং প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা নির্ধারণ/পুন:নির্ধারণ;
- ব্যয়বহুল স্থান হিসেবে ঢাকা,চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, রংপুর, সিলেট, নারায়ণগঞ্জ ও গাজীপুর শহর এবং সাভার পৌর এলাকার ন্যায় কক্সবাজার শহর/পৌর এলাকায় বেসামরিক প্রশাসনে কর্মরত সরকারি কর্মচারীগণের দৈনিক ভাতা সাধারণ হারেরর চেয়ে ৩০% অতিরিক্ত প্রাপ্যতা নির্ধারণ;
- সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলজে ও হাসপাতাল এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর ইন্টার্ণ চিকিৎসকদের ইন্টার্ণ ভাতা পুন:নির্ধারণ;
- দৈনিক ভিত্তিতে শ্রমিক মজুরির হার পুন:নির্ধারণ;
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাদের ভ্রমণ ভাতা পুন:নির্ধারণ;
- বাংলাদেশ পুলিশ এর থানায় রুজুকৃত মামলা সমূহের তদন্ত ক্ষেত্র বৃদ্ধি এবং তদন্ত ব্যয় পুন:নির্ধারণ।

**মতামত/সম্মতি প্রদান**

- প্রাধিকারপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের এবং উপসচিবদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা বিষয়ে মতামত;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মচারীদের পোশাক ও সামগ্রী প্রাধিকার) বিধিমালা, ২০২০ বিষয়ে মতামত;
- সরকারি গাড়িচালক এবং পরিবহন পুলের কারিগরি কর্মচারীদের দাপ্তরিক সাজ-পোষাকের প্রাপ্যতা নির্ধারণে সংশোধিত পরিপত্র জারিকরণে সম্মতি প্রদান;
- চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের বেতন ভাতা নির্ধারণ বিষয়ে মতামত প্রদান;
- চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের বেতন ভাতা নির্ধারণ বিষয়ে মতামত প্রদান;
- অঙ্গীভূত সাধারণ আনসার সদস্যদের রেশন সামগ্রীতে চিনি ও ডাল অন্তর্ভুক্তকরণে সম্মতি জ্ঞাপন।

**অন্যান্য কার্যাবলী**

- বিশেষ বেতন-মিলিটারি অ্যাসিস্ট্যান্ট (এমএ)/অ্যাডিশনাল মিলিটারি অ্যাসিস্ট্যান্ট (অ্যাডিশনাল এমএ) ডেপুটি মিলিটারি অ্যাসিস্ট্যান্ট (ডেপুটি এমএ) কতিপয় নিযুক্তি জেএসআই ১/২০১৬ এর সংশোধনী জেএসআই ১/২০১৯-এ সংযোজন/অন্তর্ভুক্তকরণ;
- বাংলাদেশ বিমান বাহিনীর জাজ এ্যাডভোকেট জেনারেল (JAG) এর পদমর্যাদা গ্রুপ ক্যাপ্টেন থেকে এয়ার কমডোর পদে উন্নীতকরণ;
- বাংলাদেশ সেনাবাহিনীর ১০ পদাতিক ডিভিশন এর অধীনস্থ ইউনিটসমূহের প্রাধিকৃত সকল জেসিও/ওআরগণের জন্য বুট ক্যানভাস প্রাধিকার অন্তর্ভুক্তকরণ;
- কঙ্গোতে পরিচালিত জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রম **MONUSCO** মিশনে গমনকারী বাংলাদেশ সেনাবাহিনীর ব্যান আরডিবি/৩, ব্যান হেডকোয়ার্টার সাপোর্ট এন্ড সিগন্যাল কোম্পান-১৫ এবং ফোর্স ব্যানএমপি-১৫ এর প্রতিস্থাপক হিসাবে গমনকারী ব্যান আরডিবি/৪ ব্যান হেডকোয়ার্টার সাপোর্ট এন্ড সিগন্যাল কোম্পানী-১৬ এবং ফোর্স ব্যানএমপি-১৬ সেনাদলের ১,১৮১ জন সদস্যের অনুকূলে অগ্রিম ২ মাসের বেতন-ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রদানের মঞ্জুরি জ্ঞাপন;
- বাংলাদেশ সেনাবাহিনীতে মহিলা সৈনিকগণের পারিবারিক বাসস্থানের প্রাধিকার বৃদ্ধিকরণ;

- নোয়াখালী জেলাস্থ ভাসান চর দ্বীপে বাংলাদেশ নৌবাহিনীর সম্মুখ ঘাঁটি ভাসান চর- এর সাংগঠনিক কাঠামো গঠনের লক্ষ্যে জনবল কাঠামোয় উল্লিখিত সামরিক পদ সমূহের বেতনস্কেল নির্ধারণ;
- নেভাল কমান্ডো এবং ডুবুরিদের জন্য অতিরিক্ত রেশন বরাদ্দ প্রদানের নিমিত্ত নৌবাহিনী নির্দেশিকা (এনআই)৪১/৬৫, অনুচ্ছেদ-৭ এ সংযোজনের জন্য এনআই/২০২০ অনুমোদন;
- প্রাকৃতিক গ্যাস সংযোগবিহীন সেনানিবাসসমূহে সপরিবারে বসবাসরত অফিসার, জেসিও ও অন্যান্য পদবি এবং মেসে বসবাসরত সিংগেল অফিসারগণকে কেটু অথবা কেটু এর পরিবর্তে এলপি গ্যাস সরবরাহ করার নিমিত্ত এআর (আই) ৪৬৩ সংশোধন;
- 'ইন এইড টু সিভিল' পাওয়ার এর আওতায় ঘূর্ণিঝড় আম্ফান এর ফলে খুলনা, সাতক্ষীরা এবং বাগেরহাট জেলায় ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামত/পুনঃনির্মান কাজে অসামরিক প্রশাসনকে সহায়তায় মোতায়েনকালীন সেনাসদস্যদের দৈনিক ভাতা প্রদানের ক্ষেত্রে এসআর-৭৩ এর বিধান শিথিল করা;
- 'ইন এইড টু সিভিল পাওয়ার' এর আওতায় কক্সবাজার জেলায় বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের ক্যাম্প এলাকায় আইন-শৃংখলা পরিস্থিতি উন্নতিকল্পে মোতায়েনকৃত সেনাসদস্যদের দৈনিক ভাতা প্রদানের ক্ষেত্রে এসআর-৭৩ শিথিলকরণ;
- বাংলাদেশ সশস্ত্র বাহিনীর বিভিন্ন ইউনিটের সাংগঠনিক কাঠামো পূনর্গঠনকল্পে সৃজনকৃত সামরিক পদসমূহের বেতনস্কেল নির্ধারণ;
- বাংলাদেশ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সেনাসদস্য/মৃত সেনাসদস্যর পরিবারের অনুকূলে পেনশন মঞ্জুরি।